

কুয়েটের ঘটনায় ছাত্রদল সভাপতির দুঃখ প্রকাশ

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৪:৩৭, ১৯ ফেব্রুয়ারি ২০২৫



ছবি: সংগৃহীত

গতকাল (১৮ ফেব্রুয়ারি) কুয়েটের অনাকাঙ্ক্ষিত ঘটনার জন্য দুঃখ প্রকাশ করেছেন বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি রাকিব। তিনি আহতদের দ্রুত চিকিৎসা নিশ্চিত করতে সংগঠনের পক্ষ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়েছেন।

ছাত্রদল সভাপতি রাকিব বলেন, "গতকাল কুয়েটের ঘটনায় যারা আহত হয়েছেন, তাদের চিকিৎসার জন্য আমাদের কর্মীরা সার্বক্ষণিক পর্যবেক্ষণে রয়েছে এবং যথাযথ ব্যবস্থা নিচ্ছে। ছাত্রদলের পক্ষ থেকে আমি আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি। একই সঙ্গে এ ঘটনার সূত্রপাত যারা করেছে, তাদের অতিদ্রুত চিহ্নিত করে আইনের আওতায় আনার জোর দাবি জানাচ্ছি।"

তিনি আরও বলেন, "একটি বিশেষ গোষ্ঠী উদ্দেশ্যপ্রণোদিতভাবে ছাত্রদলের সাংগঠনিক কার্যক্রম ব্যাহত করার ষড়যন্ত্র করছে। গতকালের ঘটনার একটি ভিডিও ফুটেজেও তা স্পষ্টভাবে দেখা গেছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানাই, উক্ত গোষ্ঠীর বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেওয়া হোক।"

ছাত্রদল সভাপতি রাফিক দূঢ় কণ্ঠে বলেন, "ছাত্রদল সবসময় শান্তিপূর্ণ ও গণতান্ত্রিক পন্থায় সাংগঠনিক কার্যক্রম পরিচালনা করে আসছে এবং ভবিষ্যতেও করবে।"